

সংসদে উপস্থিত সদস্যগণের উপস্থিতিতে

তারিখঃ

১৯ জুলাই ২০১৮

২য় জাদুঘরিক সভায়

বিষয়ঃ ৪ বীট পিটিশন নং-২৬৩/২০১৮, [পিটিশনার জনাব মোঃ শাহরুল ইসলাম, পিতা-মৃত-শুকুর মন্ডল, গ্রাম-বালিয়া ডিকুটিয়া, থানা-বোস্তামাঙ্গি, জেলা-যশোর - বনাম - সরকার ও অন্যান্য] এর অনুচ্ছেদওয়ারী ঘটনা বিবরণী প্রসঙ্গে


সংক্রান্ত সহকারী রেজিস্ট্রার কর্তৃক ১০.০১.২০১৮ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ০৮.০১.২০১৮ তারিখে

আদেশ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন আরবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শাহরুল ইসলামকে সাময়িক বরখাস্ত করার আদেশের বিরুদ্ধে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৪ জনকে প্রতিপক্ষ করে এই বীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুধুমাত্র স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(১) ধারা Ultra vises to the Constitution হবার কারণে কেন উক্ত বিধান ছেঁটে ফেলা হবেনা এবং ২নং প্রতিপক্ষ স্বাক্ষরিত ২১.১২.২০১৭ তারিখের ১০০৯ সংখ্যক প্রজ্ঞাপনটি কেন Ultra vises to the Constitution ঘোষণা করা হবেনা সে মর্মে রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণকে ০৫/২/২০১৮ তারিখের মধ্যে কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত তর্কিত প্রজ্ঞাপনটি আদেশের তারিখ থেকে পর্বর্তী ৬(ছয়) মাসের জন্য স্থগিত করেছেন। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত ৪ রুলের কপি।



(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব (আইন-১)

ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

১। জেলা প্রশাসক, যশোর।

২। উপসচিব, ইউপি-১ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপিঃ

১. যুগ্মসচিব (ইউনিয়ন পরিষদ), স্থানীয় সরকার বিভাগ।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/ মাস্টার কপি।